

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৬ষ্ঠ

বিষয়: বাংলা

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১	ভাষা ও বাংলা ভাষা (ব্যাকরণ)	১.৫ ভাষার রূপ বৈচিত্র্য (জ) সাধু ও চলিত ভাষা	<p>১. নিচের রচনাংশটুকু চলিত রীতিতে রূপান্তর কর:</p> <p>তারপর স্বর্গীয় দূত পূর্বে যে টাকওয়ালা ছিল, তাহার কাছে গেলেন। সেখানে গিয়া আগের মতো একটি গাভি চাহিলেন। সেও ধবল রোগীর মতো তাকে কিছুই দিলনা। তখন স্বর্গীয়দূত বলিলেন, আচ্ছা, যদি তুমি মিথ্যা বলিয়া থাক, তবে যেমন ছিলে আল্লাহ তোমাকেআবার তেমনি করিবেন।</p> <p>তারপর স্বর্গীয়দূত পূর্বে যে অন্ধছিল, তাহার কাছে গিয়া বলিলেন, আমি এক বিদেশি। বিদেশে আমার সম্বল ফুরাইয়া গিয়াছে। এখন আল্লাহর দয়া ছাড়া আমার দেশে পৌঁছিবার আর কোনো উপায় নাই। যিনি তোমার চক্ষু ভালো করিয়া দিয়াছেন, আমি তোমাকে সেই আল্লাহর দোহাই দিয়া একটি ছাগল চাহিতেছি; যেন আমি সেই ছাগল-বেচা টাকা দিয়া দেশে ফিরিয়া যাইতে পারি।</p>	সাধু ও চলিত রীতির বৈশিষ্ট্যসমূহ জানতে পাঠ্যবইয়ের ৭নং পৃষ্ঠা পড়তে হবে।	<p>১. সর্বনাম ও ক্রিয়াপদগুলির সঠিকভাবে রূপান্তর করতে পারলে অতি উত্তম</p> <p>২. সর্বনাম পদের আংশিক ও ক্রিয়াপদগুলি পরিপূর্ণভাবে রূপান্তর করতে পারলে উত্তম</p> <p>৩. সর্বনাম ও ক্রিয়াপদগুলির আংশিক রূপান্তর করতে পারলে-ভালো</p> <p>৪. সর্বনাম ও ক্রিয়াপদগুলির কোনো রূপান্তর করতে না পারলে - অগ্রগতি প্রয়োজন</p>